দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
রোববার | ২২ ডিসেম্বর ২০২৪ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

রয়েল সিমেন্ট
কনফিডেন্স সিমেন্ট
01755550035-36




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য রাখছেন অধ্যাপক এস এম মুনিরুল হাসান*

# প্রিমিয়ার ভার্সিটির স্যোশিওলজি বিভাগের সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের সেমিনারের সিরিজের দ্বিতীয় পর্ব গতকাল শনিবার অনুষ্ঠিত হয়। এতে প্রধান আলোচক ছিলেন চবি সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক এস এম মুনিরুল হাসান। বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদ। প্রবন্ধে তিনি দেশের গ্রামীণ কৃষিশ্রমিকদের অনুমেয় চালের স্বাদ ও গঠনগত বৈশিষ্ট্য তুলে ধরেছেন। তিনি বিভিন্ন শ্রেণি ও কাঠামোর দৃষ্টিকোণ থেকে কৃষিশ্রমিকদের দ্বারা অনুমেয় ধান/চালের বিভিন্ন সংবেদনশীল স্বাদ এবং বিচার-প্রণয়নের অনুপ্রাণিত অনুশীলনগুলি পরীক্ষা করতে 'কৃষি স্বাদ'এর ধারণাটি ব্যাখ্যা করেন। প্রধান আলোচক অধ্যাপক এস এম মুনিরুল হাসান বলেন, প্রবন্ধটির মাধ্যমে সমাজের গভীরতার দিক উন্মোচিত হয়েছে। প্রবন্ধটিতে দুটি দিক তুলে ধরা হয়েছে, এক; আমাদের হাজার বছরের সংস্কৃতির অর্থকে প্রবলেমেটাইজ করেছে, যার মাধ্যমে বাঙালির আসল পরিচয়টি জানা যায়; দুই. সবুজ বিপ্লবের ভূ-রাজনৈতিক দিকটির একটি প্রভাব চিহ্নিত করা হয়েছে। প্রধান আলোচক আরও বলেন, স্বাদ একটি সাবজেক্টিভ বিষয় নয়, এটি অবজেক্টিভ বিষয়ও বটে।স্বাগত বক্তব্য রাখেন সভাপতি ড. সাদিকা সুলতানা চৌধুরী। শেষে সেমিনার সিরিজ প্রথম পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে ড. সাদিকা সুলতানা চৌধুরী এবং সেমিনার সিরিজ দ্বিতীয় পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদকে ক্রেস্ট প্রদান করা হয়। এতে উপস্থিত ছিলেন বিভাগের প্রভাষক অর্পা পাল ও জান্নাতুল ফেরদৌস এবং শিক্ষার্থীবৃন্দ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 22 December 2024, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-12-22

চট্টগ্রাম রবিবার ২২ ডিসেম্বর ২০২৪

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

। । ৩৯তম বর্ষ ২৯৯তম সংখ্যা । । ৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ । । ১৯ জমাদিউস সানি ১৪৪৬ হিজরি । । Sunday 22 December 2024 । ।

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন অধ্যাপক এস এম মুনিরুল হাসান*

# প্রিমিয়ার ভার্সিটিতে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে সেমিনার সিরিজের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১১টায় এই সেমিনারে প্রধান আলোচক ছিলেন অধ্যাপক এস এম মুনিরুল হাসান। সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদ। প্রবন্ধে তিনি বাংলাদেশের গ্রামীণ কৃষি শ্রমিকদের অনুমেয় চালের স্বাদ ও গঠনগত বৈশিষ্ট্য তুলে ধরেছেন। তিনি বিভিন্ন শ্রেণি ও কাঠামোর দৃষ্টিকোণ থেকে কৃষি শ্রমিকদের দ্বারা অনুমেয় ধান/চালের বিভিন্ন সংবেদনশীল স্বাদ এবং বিচার-প্রণয়নের অনুপ্রাণিত অনুশীলনগুলি পরীক্ষা করতে 'কৃষি স্বাদ'-এর ধারণাটি ব্যাখ্যা করেন।

প্রধান আলোচক অধ্যাপক এস এম মুনিরুল হাসান বলেন, প্রবন্ধটি পদ্ধতিগতভাবে অত্যন্ত সুনিপুণভাবে উপস্থাপন করা হয়েছে। প্রবন্ধটির মাধ্যমে সমাজের গভীরতার দিক উন্মোচিত হয়েছে। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন সভাপতি ড. সাদিকা সুলতানা চৌধুরী। সেমিনারের শেষে সেমিনার সিরিজ প্রথম পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে ড. সাদিকা সুলতানা চৌধুরী এবং সেমিনার সিরিজ দ্বিতীয় পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদকে ক্রেস্ট প্রদান করা হয়।

সেমিনারে উপস্থিত ছিলেন বিভাগের প্রভাষক অর্পা পাল ও জান্নাতুল ফেরদৌস এবং শিক্ষার্থীবৃন্দ।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 22 December 2024, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-12-22

আজ রবিবার
- চট্টগ্রাম
- ২২ ডিসেম্বর ২০২৪
- ৭ পৌষ ১৪৩১
- ১৯ জমাদিউস সানি ১৪৪৬
- বর্ষ-১৩, সংখ্যা-১০

৮ পৃষ্ঠা, ৭ টাকা

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com

রাখাইনে জান্তা বাহিনীর সদর দপ্তর দখল ৮
'ঐ ধূমকেতু আর উল্কাতে চায় সৃষ্টিটাকে উল্টাতে' ৩
ধনকুবের অর্থ আত্মসাতের বিচার এবং বাংলাদেশ ৪
আমাকে মিডিয়া ট্রায়ালে দাঁড় করাবেন না প্লিজ: টয়া ৬




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য দেন অধ্যাপক এস এম মুনিরুল হাসান

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ফুড এনথ্রোপোলজি' সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে সেমিনার সিরিজের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে। ২১ ডিসেম্বর সকাল ১১টায় এই সেমিনারে প্রধান আলোচক ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক এস এম মুনিরুল হাসান। প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদ। প্রবন্ধে তিনি বাংলাদেশের গ্রামীণ কৃষিশ্রমিকদের অনুমেয় চালের স্বাদ ও গঠনগত বৈশিষ্ট্য তুলে ধরেছেন। তিনি বিভিন্ন শ্রেণি ও কাঠামোর দৃষ্টিকোণ থেকে কৃষিশ্রমিকদের দ্বারা অনুমেয় ধান/চালের বিভিন্ন সংবেদনশীল স্বাদ এবং বিচার-প্রণয়নের অনুপ্রাণিত অনুশীলনগুলি পরীক্ষা করতে 'কৃষি স্বাদ'-এর ধারণাটি ব্যাখ্যা করেন। তিনি দেখিয়েছেন যে, 'কৃষি স্বাদ' কেবল রান্না করা চালের স্বাদের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং ধান চাষাবাদ, উৎপাদন এবং চাল প্রক্রিয়াজাতকরণের পদ্ধতিকেও অন্তর্ভুক্ত করে। তিনি যে নৃতাত্ত্বিক আলোচনা তুলে ধরেছেন, তা ব্যাখ্যা করে যে, কীভাবে বিভিন্ন ব্যবহারিক, অর্থনৈতিক এবং সামাজিক-সাংস্কৃতিক দিকগুলি চালের গুণমান সম্পর্কে ধারণাকে রূপ দেয় এবং কীভাবে চাল চাষ ও প্রক্রিয়াজাতকরণকে প্রভাবিত করে।

প্রধান আলোচক অধ্যাপক এস এম মুনিরুল হাসান বলেন, প্রবন্ধটি পদ্ধতিগতভাবে অত্যন্ত সুনিপুণভাবে উপস্থাপন করা হয়েছে। প্রবন্ধটির মাধ্যমে সমাজের গভীরতার দিক উন্মোচিত হয়েছে। প্রবন্ধটিতে দুটি দিক তুলে ধরা হয়েছে, এক. আমাদের হাজার বছরের সংস্কৃতির একটি গভীর অর্থকে প্রবলেমেটাইজ করেছে, যার মাধ্যমে বাঙালির আসল পরিচয়টি জানা যায়; দুই. সবুজ বিপ্লবের ভূ-রাজনৈতিক দিকটির একটি প্রভাব চিহ্নিত করা হয়েছে। প্রধান আলোচক আরও বলেন, স্বাদ একটি সাবজেক্টিভ বিষয় নয়, এটি অবজেক্টিভ বিষয়ও বটে।

সেমিনারে স্বাগত বক্তব্য দেন সভাপতি ড. সাদিকা সুলতানা চৌধুরী। শেষে সেমিনার সিরিজ প্রথম পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে ড. সাদিকা সুলতানা চৌধুরী এবং সেমিনার সিরিজ দ্বিতীয় পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদকে ক্রেস্ট প্রদান করা হয়। সেমিনারে উপস্থিত ছিলেন বিভাগের প্রভাষক অর্পা পাল ও জান্নাতুল ফেরদৌস এবং শিক্ষার্থীবৃন্দ। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 22 December 2024, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-12-22

চট্টগ্রাম • রোববার • ২২ ডিসেম্বর ২০২৪ • ৭ পৌষ ১৪৩১ • ১৯ জমা. সানি ১৪৪৬
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ১২৬

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ গ্লাস-ভূতের পানিপান প্রাণীর প্রতি ভালোবাসা
৪ দক্ষ মানবসম্পদ উন্নয়নে কর্মমুখী শিক্ষার প্রয়োজন
৬ 'জাকের অনেক দূর এগিয়ে যাবে'



ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বিড়ম্বনা দূর করুন
যান চলাচলে গতি আনার লক্ষ্যে ৪ হাজার কোটির বেশি টাকা ব্যয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক চার লেনে উন্নীত করা হয়।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য রাখছেন অধ্যাপক এস এম মুনিরুল হাসান

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে সেমিনার সিরিজের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে। ২১ ডিসেম্বর সকাল ১১টায় এই সেমিনারে প্রধান আলোচক ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক এস এম মুনিরুল হাসান। প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে 'ফুড এনথ্রোপোলজি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদ। প্রবন্ধে তিনি বাংলাদেশের গ্রামীণ কৃষিশ্রমিকদের অনুমেয় চালের স্বাদ ও গঠনগত বৈশিষ্ট্য তুলে ধরেছেন। তিনি বিভিন্ন শ্রেণি ও কাঠামোর দৃষ্টিকোণ থেকে কৃষিশ্রমিকদের দ্বারা অনুমেয় ধান/চালের বিভিন্ন সংবেদনশীল স্বাদ এবং বিচার-প্রণয়নের অনুপ্রাণিত অনুশীলনগুলি পরীক্ষা করতে 'কৃষি স্বাদ'-এর ধারণাটি ব্যাখ্যা করেন। তিনি দেখিয়েছেন যে, 'কৃষি স্বাদ' কেবল রান্না করা চালের স্বাদের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং ধান চাষাবাদ, উৎপাদন এবং চাল প্রক্রিয়াজাতকরণের পদ্ধতিকেও অন্তর্ভুক্ত করে। প্রধান আলোচক অধ্যাপক এস এম মুনিরুল হাসান বলেন, প্রবন্ধটি পদ্ধতিগতভাবে অত্যন্ত সুনিপুণভাবে উপস্থাপন করা হয়েছে। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন সভাপতি ড. সাদিকা সুলতানা চৌধুরী। সেমিনারের শেষে সেমিনার সিরিজ প্রথম পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে ড. সাদিকা সুলতানা চৌধুরী এবং সেমিনার সিরিজ দ্বিতীয় পর্বের প্রবন্ধ উপস্থাপক হিসেবে প্রভাষক আবদুল্লাহ আল মোজাহিদকে ক্রেস্ট প্রদান করা হয়। সেমিনারে উপস্থিত ছিলেন বিভাগের প্রভাষক অর্পা পাল ও জান্নাতুল ফেরদৌস এবং শিক্ষার্থীবৃন্দ। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 22 December 2024, Page: 4, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-12-22